গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩২.২৬-৬৭০

তারিখ: ০৮ ভাদ্র ১৪৩৩ / ২৩ আগস্ট ২০২৬

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোহাঃ আবুল কালাম আজাদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (১০ম গ্রেড) হিসেবে নওগাঁ জেলাধীন মহাদেবপুর উপজেলায় কর্মরত আছেন। চাঁপাইনবাবগঞ্জ জেলাধীন নাচোল উপজেলায় সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা হিসেবে কর্মকালীন ০৮(আট) জন ঋণীর নামে ঋণ বিতরণ দেখিয়ে ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হারে মোট ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা আপনি নিজেই গ্রহণ করেন। পরবর্তীতে আপনি কিস্তি বাবদ ৩,৭০,২৬৯/- (তিন লক্ষ সত্তর হাজার দুইশত উনসত্তর) টাকা পরিশোধ করেন। উক্ত ০৮ (আট) জন ঋণীর বিপরীতে (১২,০০,০০০ - ৩,৭০,২৬৯)= ৮,২৯,৭৩১/-(আট লক্ষ উনত্রিশ হাজার সাতশত একত্রিশ) টাকা আপনার নিকট আত্মসাত অবস্থায় রয়েছে। অপরদিকে আপনি ১৮(আঠার) জন ঋণীর নিকট থেকে ঋণের কিস্তি বাবদ ৩,৯০,৫০০/-(তিন লক্ষ নব্বই হাজার পাঁচশত) টাকা আদায় করে মাত্র ১,৯৬,৫১২/-(এক লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত বার) টাকা অফিসে জমা প্রদান করেন। ঋণের কিস্তি বাবদ আদায়কৃত টাকা থেকে আপনি (৩,৯০,৫০০ - ১,৯৬,৫১২ )= ১,৯৩,৯৮৮/-(এক লক্ষ তিরানব্বই হাজার নয়শত আটাশি) টাকা অফিসে জমা না দিয়ে আত্মসাত করেন। অন্যের নামে ঋণ বিতরণ দেখিয়ে নিজেই ঋণের টাকা গ্রহণ এবং মাঠ থেকে ঋণের আদায়কৃত কিস্তির টাকা অফিসে জমা না দিয়ে আপনি সর্বমোট (৮,২৯,৭৩১+১,৯৩,৯৮৮) =১০,২৩,৭১৯/- (দশ লক্ষ তেইশ হাজার সাতশত উনিশ) টাকা আত্মসাত করেন, যার বিবরণ নিম্নরূপ :

| ক্র: নং | ঋণী নং | ঋণীর নাম | ঋণ বিতরণ | | কিস্তি বাবদ জমা | আত্মসাতের পরিমান |
|---|---|---|---|---|---|---|
| | | | তারিখ | টাকা | | |
| ০১ | ১৪০৩ | জনাব মোঃ শাহাদাত হোসেন | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৫০৬৭ | ১০৪৯৩৩ |
| ০২ | ১৪০৭ | জনাব মোঃ তারেক হোসেন | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৪৬২৫ | ১০৫৩৭৫ |
| ০৩ | ১৪০৮ | জনাব মোসা: খাদিজা খাতুন | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৪৬৫৫ | ১০৫৩৪৫ |
| ০৪ | ১৩৯৯ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | ১২/১২/২০২৪ | ১৫০০০০ | ৫৬৪২৭ | ৯৩৫৭৩ |
| ০৫ | ১৪০৪ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৫০৬৭ | ১০৪৯৩৩ |
| ০৬ | ১৪০২ | জনাব মোঃ সামাদ (ইমপ্যাক্ট) | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৫১৭৮ | ১০৪৮২২ |
| ০৭ | ১৪০৫ | জনাব মোসা: শরিফা | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৪৬২৫ | ১০৫৩৭৫ |
| ০৮ | ১৪০৬ | জনাব মোসা: সুমাইয়া খাতুন | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৪৬২৫ | ১০৫৩৭৫ |
| ঋণ বিতরণ দেখিয়ে আত্মসাত= | | | | ১২,০০,০০০ | ৩,৭০,২৬৯ | ৮,২৯,৭৩১ |
| ঋণী নং-১৩৪৪,১৩৪৫,১৩৫১,১৩৫৮,১৩৫৯, ১৩৬২, ১৩৭১, ১৩৭৭, ১৩৭৯, ১৩৮৪, ১৩৯৬, ১৩৯৮, ১৪০১, ১৪০৯, ১৪১০, ১৪১১, ১৪১২ ও ১৪৪০ মোট ১৮জন নিকট থেকে আত্মসাত। | | | | কিস্তি আদায় | অফিসে জমা | আত্মসাতের পরিমাণ |
| ঋণের অর্থ আত্মসাত= | | | | ৩,৯০,৫০০/- | ১,৯৬,৫১২/- | ১,৯৩,৯৮৮/- |
| সর্বমোট আত্মসাত =(৮,২৯,৭৩১ + ১,৯৩,৯৮৮)= | | | | | | ১০,২৩,৭১৯/- |

যেহেতু, আপনি প্রকৃত কর্মপ্রত্যাশি প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদান না করে অন্যের নামে ঋণ বিতরণ দেখিয়ে নিজেই ঋণের টাকা গ্রহণ এবং ঋণের আদায়কৃত কিস্তির টাকা অফিসে জমা না করায় সর্বমোট ১০,২৩,৭১৯/-(দশ লক্ষ তেইশ হাজার সাতশত উনিশ) টাকা বর্তমানে আপনার নিকট আত্মসাত অবস্থায় রয়েছে;

যেহেতু, আপনার এহেন কর্মকান্ডে অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে এবং নাচোল উপজেলার যুব কার্যক্রমে নেতিবাচক প্রভাব পড়েছে;

যেহেতু, আপনার উপরোক্ত আচরণ ও কার্যকলাপ সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ;

অ: পৃ: দ্র:

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩ (খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না অথবা বিধি মোতাবেক অন্য কোনো শাস্তি আরোপ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি এতদসংক্রান্ত বিষয়ে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে শুনানী দিতে ইচ্ছুক কিনা তাও জবাবপত্রে উল্লেখ করতে বলা হলো।

যেসব অভিযোগের ভিত্তিতে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এসংগে সংযুক্ত করা হলো।

সংযুক্তি-অভিযোগ বিবরণী ০১ পাতা।

20.08.2025
(মোঃ মোতাহার হোসেন)
মহাপরিচালক
ফোন : ২২৩৩৮৯৩৮৯ ।

জনাব মোহাঃ আবুল কালাম আজাদ
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর, মহাদেবপুর, নওগাঁ।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩২.২৬- ৬৭০ তারিখ: ০৮ ভাদ্র ১৪৩৩ / ২৩ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক--------------------(সকল), মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ।
০৪। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। সহকারী পরিচালক (প্রশাসন-৩), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধসহ)।
০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, মহাদেবপুর, নওগাঁ/নাচোল, চাঁপাইনবাবগঞ্জ (বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
০৮। অফিস কপি।

26/8/25
(শহিদুল ইসলাম)
সহকারী পরিচালক(প্রশাসন-৪)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব মোহাঃ আবুল কালাম আজাদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা হিসেবে নওগাঁ জেলাধীন মহাদেবপুর উপজেলায় কর্মরত আছেন। চাঁপাইনবাবগঞ্জ জেলাধীন নাচোল উপজেলায় সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা হিসেবে কর্মকালীন ০৮(আট) জন ঋণীর নামে ঋণ বিতরণ দেখিয়ে ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হারে মোট ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা তিনি নিজেই গ্রহণ করেন। পরবর্তীতে তিনি কিস্তি বাবদ ৩,৭০,২৬৯/- (তিন লক্ষ সত্তর হাজার দুইশত উনসত্তর) টাকা পরিশোধ করেন। উক্ত ০৮(আট) জন ঋণীর বিপরীতে (১২,০০,০০০ - ৩,৭০,২৬৯)= ৮,২৯,৭৩১/-(আট লক্ষ উনত্রিশ হাজার সাতশত একত্রিশ) টাকা তার নিকট আত্মসাত অবস্থায় রয়েছে। অপরদিকে তিনি ১৮(আঠার) জন ঋণীর নিকট থেকে ঋণের কিস্তি বাবদ ৩,৯০,৫০০/-(তিন লক্ষ নব্বই হাজার পাঁচশত) টাকা আদায় করে মাত্র ১,৯৬,৫১২/-(এক লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত বার) টাকা অফিসে জমা প্রদান করেন। ঋণের কিস্তি বাবদ আদায়কৃত টাকা থেকে তিনি (৩,৯০,৫০০ - ১,৯৬,৫১২ )= ১,৯৩,৯৮৮/-(এক লক্ষ তিরানব্বই হাজার নয়শত আটাশি) টাকা অফিসে জমা না দিয়ে আত্মসাত করেন। অন্যের নামে ঋণ বিতরণ দেখিয়ে নিজেই ঋণের টাকা গ্রহণ এবং মাঠ থেকে ঋণের আদায়কৃত কিস্তির টাকা অফিসে জমা না দিয়ে তিনি সর্বমোট (৮,২৯,৭৩১+১,৯৩,৯৮৮)=১০,২৩,৭১৯/- (দশ লক্ষ তেইশ হাজার সাতশত উনিশ) টাকা আত্মসাত করেন, যার বিবরণ নিম্নরূপ :

| ক্র: নং | ঋণী নং | ঋণীর নাম | ঋণ বিতরণ | | কিস্তি বাবদ জমা | আত্মসাতের পরিমান |
|---|---|---|---|---|---|---|
| | | | তারিখ | টাকা | | |
| ০১ | ১৪০৩ | জনাব মোঃ শাহাদাত হোসেন | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৫০৬৭ | ১০৪৯৩৩ |
| ০২ | ১৪০৭ | জনাব মোঃ তারেক হোসেন | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৪৬২৫ | ১০৫৩৭৫ |
| ০৩ | ১৪০৮ | জনাব মোসা: খাদিজা খাতুন | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৪৬৫৫ | ১০৫৩৪৫ |
| ০৪ | ১৩৯৯ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | ১২/১২/২০২৪ | ১৫০০০০ | ৫৬৪২৭ | ৯৩৫৭৩ |
| ০৫ | ১৪০৪ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৫০৬৭ | ১০৪৯৩৩ |
| ০৬ | ১৪০২ | জনাব মোঃ সামাদ (ইমপ্যাক্ট) | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৫১৭৮ | ১০৪৮২২ |
| ০৭ | ১৪০৫ | জনাব মোসা: শরিফা | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৪৬২৫ | ১০৫৩৭৫ |
| ০৮ | ১৪০৬ | জনাব মোসা: সুমাইয়া খাতুন | ০৫/০৩/২০২৫ | ১৫০০০০ | ৪৪৬২৫ | ১০৫৩৭৫ |
| ঋণ বিতরণ দেখিয়ে আত্মসাত= | | | | ১২,০০,০০০ | ৩,৭০,২৬৯ | ৮,২৯,৭৩১ |
| ঋণী নং-১৩৪৪,১৩৪৫,১৩৫১,১৩৫৮,১৩৫৯, ১৩৬২, ১৩৭১, ১৩৭৭, ১৩৭৯, ১৩৮৪, ১৩৯৬, ১৩৯৮, ১৪০১, ১৪০৯, ১৪১০, ১৪১১, ১৪১২ ও ১৪৪০ মোট ১৮-জন নিকট থেকে আত্মসাত। | | | | কিস্তি আদায় | অফিসে জমা | আত্মসাতের |
| ঋণের অর্থ আত্মসাত= | | | | ৩,৯০,৫০০/- | ১,৯৬,৫১২/- | ১,৯৩,৯৮৮/- |
| সর্বমোট আত্মসাত =(৮,২৯,৭৩১ + ১,৯৩,৯৮৮)= | | | | | | ১০,২৩,৭১৯/- |

যেহেতু, তিনি প্রকৃত কর্মপ্রত্যাশি প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদান না করে অন্যের নামে ঋণ বিতরণ দেখিয়ে নিজেই ঋণের টাকা গ্রহণ এবং ঋণের আদায়কৃত কিস্তির টাকা অফিসে জমা না করায় সর্বমোট ১০,২৩,৭১৯/-(দশ লক্ষ তেইশ হাজার সাতশত উনিশ) টাকা বর্তমানে তার নিকট আত্মসাত অবস্থায় রয়েছে;

যেহেতু, তার এহেন কর্মকান্ডে অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে এবং নাচোল উপজেলার যুব কার্যক্রমে নেতিবাচক প্রভাব পড়েছে;

তার উপরোক্ত আচরণ ও কার্যকলাপ সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ;

২০.০৫.২০২৫

(মোঃ মোতাহার হোসেন)
মহাপরিচালক
ফোন : ২২৩৩৮৯৩৮৯ ।

Hasan.E/charg-nikosh--364